

(This question paper contains 2 printed pages)

Roll No.

Sl. No of Question Paper: 5179

Unique Paper Code: 208134

Name of the Paper: Functional Grammar etc.

Name of the Course: B. A. (Prog.) Bengali A

Semester: I

E

Duration : 3 hours

Max. Marks : 75

1. নিচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন দশটি)

10 x 2 = 20

- ক) বাগযন্ত্র কি?
- খ) ধ্বনি ও বর্ণের মধ্যে সম্পর্ক কি?
- গ) বাংলা বর্ণমালায় কটি ব্যঞ্জনবর্ণ রয়েছে?
- ঘ) দুটি মূর্ধন্যবর্ণের নাম লেখ।
- ঙ) বিভক্তির সংজ্ঞা লেখ।
- চ) ধাতু কাকে বলে?
- ছ) বিশেষণ পদকে বিশেষ্যে রূপান্তরিত কর - দামী, ডাক্তারী।
- জ) অর্থের ভিত্তিতে শব্দকে ক'ভাবে ভাগ করা যায় ও কি কি?
- ঝ) নাসিকীভবন -এর সংজ্ঞা লেখ।
- ঞ) 'খোকা বল খেলে' -এ বাক্যে 'খোকা' কোন পদ?
- ট) অনুনাসিক স্বর কাকে বলে?
- ঠ) বাগধারা দিয়ে বাক্য রচনা কর - জিলিপির প্যাঁচ, অরণ্যে রোদন

2. নিচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন দুটি)

10 x 2 = 20

- ক) স্পর্শবর্ণ কাকে বলে? একে ক'ভাবে ভাগ করা যায়?

- খ) শব্দের অর্থগত শ্রেণীবিভাগ কর।  
গ) বাংলা শব্দভান্ডারের সংক্ষিপ্ত পরিচয় দাও।

10

3. পত্র রচনা কর -

ফ্রিশিপ পাওয়ার জন্য আবেদনপত্র

অথবা

পানীয় জল সরবরাহ হচ্ছে না, সে সমস্যার কথা জানিয়ে পুরসভা প্রধানকে পত্ররচনা কর।

10

4. প্রবন্ধ রচনা কর - একটি

তোমার প্রিয় ঋতু / তোমার শহর দিল্লী

5 x 3 = 15

5. নিম্নলিখিত অনুচ্ছেদটি পাঠ করে প্রশ্নগুলির উত্তর দাও

তিব্বতের রাজধানী লাসা থেকে আড়াইশো-তিনশো মেইল দূরে, ঘনাদা সেখানে গিয়েছিল চেঙ্গিস খাঁ-র গুপ্তধনের খোঁজে। জানো তো, চেঙ্গিস খাঁ তিব্বতে মারা গিয়েছিল। কিন্তু তার দেহ কবর দেওয়া হয় মঙ্গোলিয়ায়। উলানবাটোরের কাছে কোন অজ্ঞাত জায়গায়। তিব্বত থেকে যখন চেঙ্গিস খাঁ-র দেহ নিয়ে যাওয়া হচ্ছে, তখন নাকি সঙ্গে প্রচুর হিরে-জহরতও নিয়ে যাওয়া হয়েছিল। সেইসব ধনরত্নের আজ পর্যন্ত কোন হদিশ পাওয়া যায়নি, তা ঘনাদা কোথায় যেন শুনেছিল ট্রাসি গুফায় ওই গুপ্তধনের কিছু তথ্য রাখা আছে।

- ক) তিব্বতের রাজধানী কোথায়?  
খ) ঘনাদা কেন সেখানে গিয়েছিল?  
গ) কে তিব্বতে মারা গিয়েছিল? তাকে কোথায় কবর দেওয়া হয়?  
ঘ) চেঙ্গিস খাঁ-র মৃতদেহের সঙ্গে কি ছিল যার হদিশ পাওয়া যায়নি।  
ঙ) গুপ্তধনের কিছু তথ্য কোথায় রাখা আছে?